

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১১/২০১৬

অভিযোগকারী : জনাব মিলন খন্দকার  
পিতা-আব্দুল জোব্বার  
বর্তমান ঠিকানা-ভি-এইড রোড  
কালিবাড়ী, গাইবান্ধা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আনিছুর রহমান  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়  
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

## সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৭-২০১৬ ইং)

অভিযোগকারী ১৮-০২-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১৫-২০১৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় গাইবান্ধা সদর উপজেলায় কাবিখা সাধারণ ও কাবিখা বিশেষ, টিআর সাধারণ ও টিআর বিশেষ প্রথম পর্যায়ের প্রকল্প সমূহের নামের তালিকা, প্রতিটি প্রকল্পের বিপরীতে বরাদ্দ, প্রতিটি প্রকল্পের চেয়ারম্যানগণের নাম ও মোবাইল নাম্বার, কাজ শুরু ও শেষ হবার তারিখ, সোলার ব্যবহারকারী (সুবিধাভোগী) ব্যক্তি, প্রতিষ্ঠান সমূহের নাম ও ঠিকানা এবং কাজের অগ্রগতি।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-০৩-২০১৬ তারিখে মোঃ হাবিবুর রহমান, জেলা ট্রাণ ও পূর্নবাসন কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ, জেলা ট্রাণ ও পূর্নবাসন কর্মকর্তার কার্যালয়, গাইবান্ধা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৪-০৪-২০১৬ তারিখে তথ্য কমিশনে ইমেইলে অভিযোগ দায়ের করেন।

৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ ১৬-০৬-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী হাজির কিন্তু প্রতিপক্ষ গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৭-২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৫। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

৬। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর, তার বক্তব্যে উল্লেখ করেন যে, স্মারক নং ৫১.০১.৩২২৪.০০০.৪২.০১১৭.১৬-৫২৬ তারিখঃ ১২-০৫-২০১৬ মারফত তিনি অভিযোগকারীকে আগামী ০৩ দিনের মধ্যে ব্যক্তিগতভাবে যোগাযোগ করত চাহিত তথ্যাদি সরবরাহ নেওয়ার জন্য অনুরোধ জানিয়েছেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদি সরবরাহ করায় জন্য তিনি পূর্বে উল্লিখিত স্মারক মাধ্যমে পত্র দিয়েছেন। কিন্তু তার সাথে কেন ব্যক্তিগতগতভাবে যোগাযোগ করতে হবে তা বোধগম্য নয়। এধরনের ব্যক্তিগত যোগাযোগের কোন প্রয়োজন নেই। এজন্য তথ্যের মূল্য নির্ধারণপূর্বক পত্র দেওয়া প্রয়োজন ছিল যা করা হয়নি। তাছাড়া তিনি যে তথ্য সাথে নিয়ে এসেছেন তাও সম্পূর্ণ নয়। কাজেই তথ্য অধিকার বিষয়ক দায়িত্ব পালনে আরো সতর্ক থাকার নির্দেশনা সহকারে অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ আনিছুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় গাইবান্ধা সদর, গাইবান্ধা কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো। ভবিষ্যতে তথ্য অধিকার বিষয়ক দায়িত্ব পালনে আরো সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত

(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার